সমকাল

তারিখ : 17 OCT 2016
পৃষ্ঠা ৭ ১৯ ... কলাম ... ২

# বখাটেদের রুখতে শিক্ষা পরিবার ঐক্যবদ্ধ আছে

—শিক্ষামন্ত্রী

■ সিলেট ব্যুরো

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কলেজছাত্রী খাদিজা বেগম নার্গিসের ওপর হামলাকারী বদরুলের মতো লম্পটদের রুখতে ও প্রতিহত করতে শিক্ষা পরিবার ঐক্যবদ্ধ আছে। সবাই মিলে এদের প্রতিরোধ করতে হবে। লম্পট, বখাটে, সহিংসতাকারী যে দলেরই হোক,

■ পৃষ্ঠা ৪ : কলাম ৭

## বখাটেদের রুখতে

[১৯ পৃষ্ঠার পর]

তার শাস্তি নিশ্চিত করতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ বলে জানান তিনি। গতকাল রোববার সিলেটের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, 'সহিংসতা রোধ ও গণসচেতনতা বাড়াতে আগামী ১৮ অক্টোবর সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আর এ কর্মসূচি প্রমাণ করে শিক্ষা পরিবার ঐক্যবদ্ধ আছে। শিক্ষামন্ত্রী বলেন, 'প্রতি বছর ৩২ লাখ শিক্ষার্থীকে বৃত্তি দেয় সরকার। আগামীতে বিভিন্ন বিষয়ে গবেষণারত শিক্ষার্থীদেরও বৃত্তি দেওয়া হবে।' এদিন সকালে শিক্ষামন্ত্রী সিলেট অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে শিক্ষার্থীদের শিল্পকর্ম প্রদর্শনীর উদ্বোধন করেন। প্রধান শিক্ষিকা বাবলী পুরকায়স্থের সভাপতিত্বে এক অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা প্রশাসক মো. জয়নাল আবেদীন, সাবেক সিটি মেয়র বদরউদ্দিন আহমদ কামরান, সাবেক এমপি শফিকুর রহমান চৌধুরী, প্রমুখ। এ ছাড়া শিক্ষামন্ত্রী সিলেট এমসি কলেজে এক অনুষ্ঠানে যোগদান করেন।